

## **Tłumaczenie informacji dla osób, które otrzymały wezwanie na przesłuchanie w postępowaniu o udzielenie ochrony międzynarodowej – j. bengalski**

**যারা আন্তর্জাতিক সুরক্ষার জন্য কার্যধারায় সাক্ষাত/জিজ্ঞাসাবাদের জন্য সমন পেয়েছেন জন্য তথ্যসমূহের অনুবাদ**

১. নিয়মিত ভাবে যে কোন ব্যক্তি যিনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন, অর্থাৎ আবেদনকারী - ১৩ জুন ২০০৩ শালে র 'বিদেশীদের পোল্যান্ডে সুরক্ষা প্রদান করার বিষয়ে আইনানুযায়ী' (ধারা ৪৪/১) তাঁর সঙ্গে সাক্ষাত/জিজ্ঞাসাবাদ করতে হয়। বিদেশীদের জন্য অফিসের শরণার্থী বিভাগের কর্মকর্তা সেই সাক্ষাত/জিজ্ঞাসাবাদ করবে।
২. প্রক্রিয়ার কালে আবেদনকারীর কাছ থেকে সংগৃহীত তথ্য গুলো, সাক্ষাতের সময়েও গোপনীয় এবং পোলিশ আইন দ্বারা সংরক্ষিত। ১৩ জুন ২০১০ শালে র 'বিদেশীদের পোল্যান্ডে সুরক্ষা প্রদান করার বিষয়ে আইনানুযায়ী' (ধারা ৯) বিদেশীদের জন্য অফিস সেই তথ্য গুলো উৎপাদনকারী দেশের সরকার ও সরকারি প্রতিষ্ঠান কে হস্তান্তর করতে পারেন না। যেনবিদেশী শরণার্থী মর্যাদা প্রদান করার জন্য আবেদন জমা করেন, তাঁর শরণার্থী বিভাগের কর্মকর্তা কে তথ্য দেওয়ার ভয় ভিত্তিহীন।
৩. আবেদনকারী আন্তর্জাতিক সুরক্ষার জন্য সব প্রয়োজনীয় তথ্য সাক্ষাত কালে দিতে বাধ্য। প্রশ্নগুলোতে বিস্তারিত উত্তর দেওয়া আবেদনকারীর জন্য উপকারী। আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনের জন্য তথ্য-এর সত্যতা প্রমাণ করা প্রমাণগুলো, যেমন দলিলপত্র, শংসাপত্র, ভিএইচএস টেপ প্রভৃতি, আবেদনকারী দিতে বাধ্য।
৪. সাক্ষাতকালে জমা করার তথ্য এবং প্রমাণগুলো আন্তর্জাতিক সুরক্ষা পাবার জন্য আবেদন বিচার করার জন্য খুব গুরুত্বপূর্ণ। তারা সম্পূর্ণরূপে সিদ্ধান্ত প্রদান করার জন্য বিবেচনায় নেয়া হয়। যে কোন তথ্য বা প্রমাণ গোপন করা, অথবা মিথ্যা তথ্য এবং প্রমাণ জমা করা আবেদনকারী পক্ষে অননুকূল।
৫. সাক্ষাত করার পরে যদি গুরুত্বপূর্ণ নতুন তথ্য বা প্রমাণ আসে, তবে যত তাড়াতাড়ি শরণার্থী বিভাগের সঙ্গে যোগাযোগ করা দরকার। অতিরিক্ত সাক্ষাত করার জন্য আবেদন জমা করা বা লিখিতভাবে মামলার সাক্ষীকে জিজ্ঞাবাদ করার জন্য আবেদন করতে পারেন - সেই অবস্থায় সাক্ষীর নাম, ঠিকানা এবং সাক্ষী ঠিক কি বিষয় সাক্ষাত দেবে, সেই সব তথ্য দিতে হবে। নতুন তথ্য, প্রমাণ এবং আবেদন লিখিতভাবে :
  - চিঠি দিয়ে পাঠাতে পারেন - Taborowa 33, 02-699 Warszawa
  - ফ্যাক্স করে পাঠাতে পারেন- ফ্যাক্স নং 022 601 51 23
  - ব্যক্তিগতভাবে বিভাগের কাছে জমা করতে পারেন - Taborowa 33, Warszawa
৬. আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন বিচার করে সিদ্ধান্ত প্রদান করতে হয়। সিদ্ধান্ত লিখিতভাবে ইস্যু করা হয় এবং আবেদনকারীকে তাঁর নির্দিষ্ট ঠিকানায় পাঠানো হয়। আবেদনকারী এবং অন্য ব্যক্তির যাঁরা সিদ্ধান্তের আওতায়, তাদের সিদ্ধান্ত মেনে নেওয়ার কর্তব্য থাকে। সিদ্ধান্তে আবেদনকারীর জানা ভাষায় আপীল করার ব্যাখ্যা থাকে, যদি আবেদনকারী সিদ্ধান্তে অসন্তুষ্ট।